গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ রাবার বোর্ড
প্রশাসন শাখা
ই ১০-১৩, এম এ কে খলিল সড়ক, পশ্চিম পাহাড়
বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট ক্যাম্পাস, ষোলশহর, চট্টগ্রাম
www.rubberboard.gov.bd

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

**বাংলাদেশ রাবার বোর্ড কর্তৃক আয়োজিত বিভিন্ন রাবার বাগান মালিকদের সাথে মতবিনিময় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | সৈয়দা সারওয়ার জাহান<br>চেয়ারম্যান |
| সভার তারিখ | **২৫ জানুয়ারী ২০২৪ খ্রি.** |
| সভার সময় | **সকাল ১১.০০ টা** |
| স্থান | সম্মেলন কক্ষ, বাংলাদেশ রাবার বোর্ড |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার কার্যপত্র উপস্থাপন করেন- জনাব বিদর্শী সম্বোধি চাকমা, সচিব (উপসচিব), বাংলাদেশ রাবার বোর্ড। উক্ত সভায় উপস্থিত ছিলেন বাংলাদেশ রাবার বোর্ডের উপপরিচালক ও সহকারী পরিচালকবৃন্দ, বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন ও খাগড়াছড়ি রাবার বাগান মালিক সমবায় সমিতি লিমিটেড এর সদস্যবৃন্দ।

<u>সভায় আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ</u>

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | রাবার পরিবহন | **চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড বলেন,** রাবার শিল্পের বিকাশ ও উৎকর্ষ সাধনে রাবার শীট বিপণন ও পরিবহনে যাতে কোন ধরণের বাধার সম্মুখীন না হয় এজন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে। এছাড়াও প্রত্যেক রাবার বাগান মালিক যেন জাতীয় রাজস্ব বোর্ডের মাধ্যমে নিবন্ধিত হয়ে ভ্যাট ও ট্যাক্স পরিশোধ করেন। এতে করে সরকারের রাজস্ব আদায় হবে এবং রাবার শীট পরিবহনে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহযোগিতা ও পাওয়া যাবে।<br><br>**অসীম চাকমা, খাগড়াছড়ি রাবার বাগান মালিক সমবায় সমিতি বলেন,** রাবার বাগানে উৎপাদিত রাবার কষ থেকে তৈরিকৃত রাবার শীট পরিবহনে যাতে কোন ধরণের সমস্যার সম্মুখীন হতে না হয় এজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ রাবার বোর্ড কে অনুরোধ করেন। | রাবার শীট পরিবহনের পূর্বে জাতীয় রাজস্ব বোর্ডের মাধ্যমে নিবন্ধিত হয়ে সকল প্রকার ভ্যাট ও ট্যাক্স পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| ০২ | রাবার বাগান নিবন্ধন | **চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড বলেন,** বাংলাদেশে রাবার শিল্পের বিকাশ ও কর্মবিকাশে রাবার বাগানের সঠিক তথ্য জানা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে সকল রাবার বাগান মালিক যেন নিবন্ধন ফি প্রদানপূর্বক ওয়েববেইজড সফটওয়্যারের মাধ্যমে নিবন্ধন কাজ সম্পাদন করেন।<br><br>**জনাব কামাল উদ্দীন, বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন বলেন,** বাগান নিবন্ধন কাজ সম্পাদন করার জন্য সকল রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন ও বাগান মালিক সমিতিকে পত্র মারফত জানালে উক্ত কাজ তরান্বিত হবে। | ওয়েববেইজড সফটওয়্যারের মাধ্যমে বাগান নিবন্ধন কাজ সম্পাদন করার জন্য সকল রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন ও বাগান মালিক সমিতিকে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৩ | বাগান লাইসেন্স | **চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড বলেন,** বাংলাদেশ রাবার বোর্ডের পরিচালনা পরিষদের ১৯তম সভার কার্যবিবরণীর ৫.০ আলোচ্যসূচীতে লাইসেন্স ফি ৪০,০০০ টাকা এবং লাইসেন্স নবায়ন ফি দুইবছর অন্তর অন্তর ১০,০০০ টাকা নির্ধারণ করা হয়। সবার সিদ্ধান্ত মোতাবেক সকল রাবার বাগান মালিক বাগান লাইসেন্সিং এর কার্যক্রম দ্রুত গ্রহণ করতে হবে।<br><br>**জনাব আবু সাদেক, সাংগঠনিক সম্পাদক, বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন বলেন,** রাবার বাগান লাইসেন্স ও নবায়নের জন্য রাবার বাগান মালিক সমিতি ও রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন যথাযথ ব্যবস্থা গ্রহণ করার কার্যক্রম চলমান রেখেছে। | রাবার বাগান লাইসেন্স ও নবায়নের জন্য রাবার বাগান মালিক সমিতি ও রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন কর্তৃক দ্রুত যথাযথ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৪ | বাগান ব্যবস্থাপনা | **চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড বলেন,** রাবারের গুণগত মান বৃদ্ধি করার জন্য বাগান ব্যবস্থাপনা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সুষ্ঠু বাগান ব্যবস্থাপনা নীতিমালার মাধ্যমে বাগানের উন্নয়ন, আয়-ব্যয়ের হিসাব-নিকাশ সম্পর্কে সঠিক ধারণা পাওয়া যাবে। এজন্য প্রত্যেক বাগান মালিকগণ যেন বাগানে ম্যানেজার নিয়োগ করেন। রাবার বাগান ওনার্স এসোসিয়েশন এ বিষয়ে তদারকিপূর্বক নিশ্চিত করবেন।<br><br>**জনাব কামাল উদ্দীন, বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন বলেন,** বাগানের সুষ্ঠু ব্যবস্থাপনা ও আয়-ব্যয়ের হিসাব সংরক্ষনের জন্য কিছু কিছু বাগানে ম্যানেজার নিয়োগ প্রদান করা হয়েছে এবং অন্যান্য বাগানে ম্যানেজার নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। | প্রত্যেক বাগানের সুষ্ঠু ব্যবস্থাপনা ও আয়-ব্যয়ের হিসাব সংরক্ষনের জন্য ম্যানেজার নিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৫ | চাহিত তথ্য প্রেরণ | **চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড বলেন,** রাবার বাগানের উন্নয়নের জন্য চাহিত সকল তথ্য সময়মতো বাংলাদেশ রাবার বোর্ডে পাওয়া যায় না। যথা- বৎসর ভিত্তিক রাবার উৎপাদনের পরিমাণ, বাগানের সংখ্যা ও ব্যবহৃত জমির পরিমাণ, উৎপাদনের পরিমাণ, দেশের অভ্যন্তরে বিক্রয়, বিদেশে রফতানির পরিমাণ, বার্ষিক আয়- ব্যয়ের হিসাব এসব তথ্য পাওয়া যায় না।<br><br>**জনাব কামাল উদ্দীন, বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন বলেন,** রাবার শিল্পের উন্নয়নের জন্য বাংলাদেশ রাবার বোর্ড থেকে চাহিত সকল তথ্য যথাসময়ে প্রেরণ করা হবে। | বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন, খাগড়াছড়ি রাবার বাগান মালিক সমবায় সমিতি ও রাঙ্গামাটি রাবার বাগান মালিক সমবায় সমিতি বাংলাদেশ রাবার বোর্ড কর্তৃক চাহিত সকল তথ্য যথাসময়ে প্রেরণ নিশ্চিত করবেন। |

পরিশেষে আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সম্মানিত সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯-০৩-২০২৪
সৈয়দা সারওয়ার জাহান
চেয়ারম্যান

তারিখ: ৫ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
১৯ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২২.০৭.০০০০.০০৫.০৬.০০৪.২২.১১৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিব, বাংলাদেশ রাবার বোর্ড;
২। উপপরিচালক (সকল), বাংলাদেশ রাবার বোর্ড, চট্টগ্রাম।;
৩। সহকারী পরিচালক (সকল), বাংলাদেশ রাবার বোর্ড, চট্টগ্রাম।;
৪। বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন, কাজীর দেউড়ী, চট্টগ্রাম এবং
৫। খাগড়াছড়ি রাবার বাগান মালিক সমবায় সমিতি, মহাজন পাড়া, খাগড়াছড়ি সদর।

২০-০৩-২০২৪
সৈয়দা সারওয়ার জাহান
চেয়ারম্যান